


নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৯.৯৫৯

তারিখ: ১২ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
২৬ জুন ২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : হিজরি ১৪৪৩ মৌসুমে সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের নিবন্ধন (শুধুমাত্র হজ প্যাকেজ-২) সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ২২.০৬.২০২২ তারিখের ১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৯.৯৩৩ নম্বর পত্রের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, সরকারি ব্যবস্থাপনার বরাদ্দ প্রাপ্ত অতিরিক্ত কোটার সরকারি ব্যবস্থাপনাধীন হজযাত্রীদের নিবন্ধন কার্যক্রম পূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তিরসমূহের শর্তাদি বহাল রেখে শূন্য সংখ্যা পূরণের জন্য নিবন্ধনের সময় আগামী ২৭.০৬.২০২২ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। নিবন্ধনের জন্য ক্রমানুযায়ী sms প্রেরণ করা হয়েছে। sms প্রাপ্ত ব্যক্তিগণ যে কোন নিবন্ধন কেন্দ্র হতে নিবন্ধন ভাউচার প্রস্তুতকরত: ভাউচারে বর্ণিত অর্থ সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোন শাখায় জমা প্রদান করবেন। একইসাথে বৃদ্ধিপ্রাপ্ত প্যাকেজ মূল্য ৫৯,০০০.০০ (উনষাট হাজার) টাকা সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল, ঢাকার হিসাব নং ০০০২৬৩৩০০০৯০৮ (Sale Proceeds of Hajj Deposit) এর অনুকূলে পৃথকভাবে পে-অর্ডার করে পে-অর্ডারটি পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা এর নিকট জমা প্রদান করবেন। শুধুমাত্র প্যাকেজ-০২ এর অধীনে নিবন্ধন করা যাবে।


২৬ ০৬. ২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

ফোন: +৮৮-০২-৫৫১০১১১৮

ইমেইল: morahajsection@gmail.com

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা (সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন/হজ/সংস্থা ও আইন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা (তঁার ব্যাংকের সংশ্লিষ্ট সকল শাখাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৪. যুগ্মসচিব (প্রশাসন ও অনুদান/বাজেট/সমন্বয় ও সংস্কার), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. কনসাল জেনারেল, কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
৬. পরিচালক, হজ অফিস, ঢাকা (বিজ্ঞপ্তি মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্নের জন্য অনুরোধসহ)
৭. পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি), তেজগাঁও, ঢাকা।
৮. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা/মক্কা, সৌদি আরব।
৯. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০. মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল, ঢাকা
১১. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন (সকল জেলা)..... ।
১৩. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২, কারওয়ান বাজার, বিডিবিএল ভবন, ঢাকা
১৪. অফিস কপি/মাষ্টার ফাইল।